

নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৭৫.১৮-১৩

তারিখ: ২৬ শেখ ১৪২৫ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৮-২০১৯ অর্থবছরে ঢাকা সড়ক জোনের আওতায় পিএমপি (মেজর-ব্রীজ/কালভার্ট) কর্মসূচী অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের স্মারক নং-১০৯১; তারিখ ০৩.১২.২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ঢাকা সড়ক জোনের ২০১৮-২০১৯ অর্থবছরের পিএমপি (মেজর-ব্রীজ/কালভার্ট) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত কর্মসূচীটি নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল:

সড়ক বিভাগের নাম	কাজ/সড়কের নাম	সড়কের চেইনেজ (কি:মি/মিটার ও স্থানীয় নাম)	দৈর্ঘ্য ও প্রস্থ (মিটার)	সম্ভাব্য প্রাপ্ত ব্যয় (টাকায়)	ব্রীজ/কালভার্ট
মানিকগঞ্জ	নবীনগর ডিইপিজেড- কালিয়াকৈর (চন্দ্রা) জাতীয় মহাসড়ক (এন- ৫৪০)	০২+৯০০-০৩+১০০ বাইপাইল	ফুটওভার ব্রীজ ৪২.০০ মি: এবং আন্ডারপাস ২০০.০০ মি:	৪০৭.৯৪	ফুটওভার ব্রীজ, আন্ডারপাস
মোট:				৪০৭.৯৪	

শর্তসমূহ:

- ১। অনুমোদিত সেতু/কালভার্টের বাস্তব অবস্থা সরেজমিনে যাচাই করে ডিজাইন প্রণয়ন করতে হবে;
- ২। ইঞ্জিনিয়ারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করতে হবে;
- ৩। ২০১৮ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান করতে হবে;
- ৪। ব্রীজ নির্মাণের সময়সীমা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। স্বাভাবিক অবস্থায় কাজ সমাপ্তির সময়সীমা বৃদ্ধি করা যাবে না;
- ৫। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ৬। কোন অবস্থাতেই এ্যাপ্রোচের কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিচ্ছা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ৭। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দং ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণে বাধ্যতামূলকভাবে সেহান এনালিসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইটএনালিসিস প্রক্রিয়ায় অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ৮। সেতুর ডিজাইন প্রণয়নকালে সেতুর নিচ দিয়ে জনসাধারণের চলাচলের জন্য বিদ্যমান কোন সড়ক বা ব্যবস্থা থাকলে সেটি চলাচলের ব্যবস্থা রেখেই ডিজাইন প্রণয়ন করতে হবে;
- ৯। সেতুর অবস্থান বিদ্যমান সড়কের এলাইনমেন্ট সোজা থাকলে উক্ত এলাইনমেন্ট বরাবর সেতু নির্মাণ করতে হবে। তবে এলাইনমেন্ট সোজা না থাকলে যথাসম্ভব এলাইনমেন্ট সোজা সেতু নির্মাণ করতে হবে;
- ১০। সেতু নির্মাণের জন্য প্রস্তুতকৃত প্রকল্পে ডাইভার্সন যথাসম্ভব পরিহার করতে হবে। তবে একান্ত প্রয়োজন হলে ডাইভার্সনের ব্যয় যৌক্তিক পর্যায়ে রাখতে হবে;
- ১১। সেতুর প্রশস্ততা বিদ্যমান সড়কের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকতে হবে। এবং
- ১২। ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে সেতুর প্রশস্ততা কমপক্ষে ১০.২৫ মিটার ধরে ডিজাইন প্রণয়ন করতে হবে। অধিকন্তু সংশ্লিষ্ট চ্যানেলের পানি প্রবাহের উপর ভিত্তিকরে সেতু/কালভার্টের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ধারণ করতে হবে। পূর্বের দৈর্ঘ্য কোন অবস্থাতেই হ্রাস করা যাবে না।

(জেসমিন নাহার)

উপসচিব

ফোন :৯৫১৪০৭৫।

E-mail: maintenance@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, কেরানীগঞ্জ, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (বজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, ঢাকা সড়ক জোন, ঢাকা।
- ০৩। উপসচিব (সময় ও প্রশিক্ষণ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মনিটরিং টিম, প্রধান, টিম নং-০৬।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৭। অফিস কপি/ মাস্টার কপি।